

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৫২

88/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)
পরিচ্ছেদঃ ৪৪/২. উমার (রাঃ)-এর মর্যাদা।

من فضائل عمر رضي الله تعالى عنه

আরবী

حديث سعْد بْنِ أَبِي وَقَاصٍ، قَالَ: اسْتَأْذَنَ عُمَرُ عَلَى رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَعِنْدَهُ نِسَاءٌ مِنْ قُرَيْشٍ يُكَلِّمْنَهُ، وَيَسْكَثِرْنَهُ، عَالِيَةً أَصْوَاتُهُنَّ فَلَمَّا اسْتَأْذَنَ عُمَرُ قُمْنَ يَبْتَدرْنَ الْحِجَابَ فَأَذِنَ لَهُ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَضْحَكُ فَقَالَ عُمَرُ: أَضْحَكَ اللهُ سِنَّكَ يَا رَسُولَ اللهِ قَالَ: عَجِبْتُ مِنْ هَوُّلاَءِ اللاَّتِي كُنَّ عِنْدي فَلَمَّا سَمِعْنَ صَوْتَكَ ابْتَدَرْنَ الْحِجَابَ قَالَ عُمَرُ: فَأَنْتَ يَا رَسُولَ اللهِ كُنْتَ كُنَّ عَنْدي فَلَمَّا سَمِعْنَ صَوْتَكَ ابْتَدَرْنَ الْحِجَابَ قَالَ عُمَرُ: فَأَنْتَ يَا رَسُولَ اللهِ كُنْتَ كُنَّ عَنْدي فَلَمَّا سَمِعْنَ صَوْتَكَ ابْتَدَرْنَ الْحِجَابَ قَالَ عُمَرُ: فَأَنْتَ يَا رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَنْ فَجَّا إِلاَّ سَلَكَ فَجًّا عَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهَ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَسُولُ اللهَ عَلَيْهُ وَسَلَّمَ قَالًا اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللّهَ عَلَيْهِ وَسَلَّمَ وَاللّهَ عَلَيْهِ وَسَلَّمَ وَاللّهَ عَلَيْهُ وَسُلَمَ الْقَوْلُ عَلَيْهُ وَسُلُولُ الْعَلْمَ الْعَلْمُ عَلَيْهُ وَسُولُ الْمُعَلِى السَّالِكُ الْمُعْلَى السَّالِكُ الْمُ اللهُ عَلَيْهُ وَسُلُهُ اللهُ اللهُ اللهُ عَلَيْهُ وَسُلَامَ الْعَلْمُ اللهُ اللهُ الْمَالِكُ السَّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ ا

বাংলা

১৫৫২. সাদ ইবনু আবু ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, একদা 'উমার (রাঃ) আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসার অনুমতি চাইলেন। তখন তাঁর সঙ্গে কয়েকজন কুরায়শ নারী কথাবার্তা বলছিল। তারা খুব উচ্চস্বরে কথা বলছিল। অতঃপর যখন উমার (রাঃ) অনুমতি চাইলেন, তারা উঠে শীঘ্র পর্দার আড়ালে চলে গেলেন। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে অনুমতি প্রদান করলেন। তখন তিনি মুচকি হাসছিলেন। তখন 'উমার (রাঃ) বললেন, 'হে আল্লাহর রাসূল! আল্লাহ আপনাকে সর্বদা সহাস্য রাখুন।' তিনি বললেন, আমার নিকট যে সব মহিলা ছিল তাদের ব্যাপারে আমি আশ্চর্যান্থিত হয়েছি। তারা যখনই তোমার আওয়াজ শুনল তখনই দ্রুত পর্দার আড়ালে চলে গেল।

'উমার (রাঃ) বললেন, 'হে আল্লাহর রাসূল! আপনাকেই তাদের বেশি ভয় করা উচিত ছিল। অতঃপর তিনি মহিলাদের উদ্দেশ্য করে বললেন, হে আত্মশক্র মহিলাগণ! তোমরা আমাকে ভয় করছ অথচ আল্লাহর রাসূল



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ভয় করছ না? তারা জবাব দিল, হ্যাঁ, কারণ তুমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চেয়ে অধিক কর্কশ ভাষী ও কঠোর হৃদয়ের লোক। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, শপথ ঐ সত্তার যার হাতে আমার প্রাণ, তুমি যে পথে চল শয়তান কখনও সে পথে চলে না বরং সে তোমার পথ ছেড়ে অন্য পথে চলে।"

ফুটনোট

সহীহ বুখারী, পর্ব ৫৯: সৃষ্টির সূচনা, অধ্যায় ১০, হাঃ ৩২৯৪; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ২, হাঃ ২৩৯৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন